**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 19-05-2025** **Desk in Charge : SDG**
**Time : 7-35 AM** **Compiling : DSS**
**DEO : KB** **NR : DSS**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ চাকরী ফিরে পাওয়ার দাবীতে আন্দোলনের রাশ কোনো রাজনোইতিক দলের হাতে নয়, তাঁদের হাতেই থাকবে বলে বিকাশ ভবনে অবস্থানরত চাকরী হারা শিক্ষক শিক্ষিকারা স্পষ্ট জানিয়েছেন।

২/ বিকাশ ভবন ঘেরাও কর্মসূচিতে সরকারি সম্পত্তি নষ্ট এবং সরকারী কর্মচারীদের কাজে বাধা দানের অভিযোগে কয়েকজন চাকরী হারা শিক্ষককে তলব করেছে পুলিশ। আজ থেকে তাঁদের জেরা করা হবে।

৩/ বেশ কিছু কর্মসূচী নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি তিন দিনের সফরে আজ উত্তরবঙ্গে যাচ্ছেন।

৪/ বিজেপির তিরঙ্গা যাত্রাকেই তৃণমূল কংগ্রেস নকল করছে বলে, দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের মন্তব্য।

৫/ আজ ১৯'শে মে। বাংলা ভাষার মর্যাদা রক্ষার দাবীতে শিলচরে এই দিনে শহীদ হন ১১ জন।

৬/ বাতাসে পর্যাপ্ত পরিমাণে জলীয় বাষ্প এবং বঙ্গোপসাগর থেকে সরাসরি দখিণা বাতাস ঢোকায়, রাজ্যের সব জেলায় আজ'ও বৃষ্টির পূর্ভাভাস।

********************************************************************

চাকরি ফিরে পাওয়ার দাবিতে আন্দোলনের রাশ কোনো রাজনৈতিক দলের হাতে নয়। তাঁদের হাতেই থাকবে বলে স্পষ্ট করে দিয়েছেন বিকাশ ভবনে অবস্থানরত চাকরিহারানো শিক্ষক শিক্ষিকারা।

বিকাশ ভবনের সামনে গতসন্ধ্যায় এক সাংবাদিক বৈঠকে জানানো হয়েছে, তাঁরা ঐকমত্যের ভিত্তিতে এই আন্দোলন চালিয়ে যাচ্ছেন। চাকরি ফেরানোর দাবিতে দরকারে নবান্ন অভিযান করা হতে পারে। কিন্তু সেই আন্দোলনের রাশ কোনো রাজনৈতিক দলের হাতে থাকবে না। বিভিন্ন রাজনৈতিক দল এই আন্দোলনে সমর্থন জানালেও, আদৌ কতটা পাশে আছে, তা নিয়ে প্রশ্ন তুলে তৃণমূল কংগ্রেস, বিজেপি ও CPIM-এর কাছে নির্দিষ্ট দাবি রেখেছেন আন্দোলনকারী চাকরিহারা শিক্ষক-শিক্ষিকারা। রাজ্য সরকারকেও তাঁদের চাকরিতে সসম্মানে পুনর্বহালের দায়িত্ব নিতে হবে বলে আন্দোলনকারীরা দাবি জানিয়েছেন।

আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন :- ( ভি সি- সুমন মুখার্জি )

আগেই জানানো হয়েছে, চাকরী হারা আন্দলনকারী শিক্ষক ও শিক্ষিকাদের গত ১৫ই মে বিকাশ ভবনে অবস্হান ও ঘেরাও কর্মসূচিতে সরকারি সম্পত্তি নষ্ট এবং সরকারি কর্মচারীদের কাজে বাধাদানের অভিযোগে পুলিশ, স্বতঃপ্রণোদিত হয়ে বিধাননগর-উত্তর থানায় একটি মামলা রুজু করেছে। থানার এক আধিকারিক জানিয়েছেন, নোটিশ দিয়ে কয়েকজন আন্দেলনকারীকে থানায় ডাকা হয়েছে। আজ থেকে, তাদের ধারাবাহিকভাবে জিজ্ঞাসাবাদ করা হবে। আন্দোলনকারীদের বিরুদ্ধে, সরকারী সম্পত্তি নষ্ট, ভাঙচুর করা, সরকারী কর্মীদের আটকে রাখা, এছাড়া হুমকি দেওয়া, সহ বিভিন্ন অভিযোগ রয়েছে। হাজিরা না দিলে তাদের গ্রেপ্তার করা হবে বলে পুলিশের নোটিশে জানানো হয়েছে।

**********************

বেশ কিছু কর্মসূচী নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি তিন দিনের সফরে আজ উত্তরবঙ্গে যাচ্ছেন। কলকাতা থেকে রওনা দেওয়ার পরে বিকেল নাগাদ বাগডোগরা পৌঁছে তিনি শিলিগুড়ির দীনবন্ধু মঞ্চে সিনার্জি কনক্লেভে যোগ দেবেন। উত্তরবঙ্গের সাত জেলার

বিভিন্ন শিল্পপতি ও বণিক সংগঠনের প্রতিনিধিরা সেখানে উপস্থিত থাকবেন। উত্তরকন্যায় রাত্রিবাসের পরে আগামীকাল জলপাইগুড়ির ফুলবাড়ির ভিডিওকন গ্রাউন্ডে আয়োজিত এক সরকারি অনুষ্ঠানের মঞ্চ থেকে তিনি রাজ্য সরকারের বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা প্রাপকদের হাতে তুলে দেবেন। এ ছাড়াও বিভিন্ন জেলায় একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন তিনি।

বুধবার উত্তরকন্যায় সব জেলা প্রশাসনের শীর্ষ আধিকারিকদের নিয়ে মুখ্যমন্ত্রী প্রশাসনিক পর্যালোচনা বৈঠকে অংশ নেবেন। বৃহস্পতিবার তাঁর কলকাতায় ফেরার কথা।

আমাদের জলপাইগুড়ির সংবাদদাতা জানাচ্ছেন, মুখ্যমন্ত্রীর সফরকে কেন্দ্র করে শিলিগুড়ি ও সংলগ্ন এলাকায় নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করা হয়েছে। জায়গায় জায়গায় চলছে পুলিশি টহলদারি। দীনবন্ধু মঞ্চ ও ফুলবাড়ি ভিডিওকন মাঠে চলছে মঞ্চ নির্মাণের কাজ ও অন্যান্য প্রস্তুতি। দার্জিলিংয়ের জেলা শাসক প্রীতি গোয়েল সহ অন্য প্রশাসনিক আধিকারিকরা গতকাল প্রস্তুতি খতিয়ে দেখেন।

এদিকে, বিধানসভায় বিজেপির মুখ্য সচেতক, শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষ, মুখ্যমন্ত্রীর উত্তরবঙ্গ সফরের সমালোচনা করেছেন। তিনি অভিযোগ করেন, সরকারের সামনে যখন নানান সমস্যা, সেই সময় মুখ্যমন্ত্রী হাওয়া বদল করতে উত্তরবঙ্গে যাচ্ছেন। আগামীকাল শিলিগুড়িতে তিনি মুখ্যমন্ত্রীর কাছে রাজ্যের সামগ্রিক অবস্থা নিয়ে এক গুচ্ছ প্রশ্ন তুলবেন বলেও শঙ্করবাবু জানিয়েছেন ।

**********************

বাংলা ভাষার মর্যাদা রক্ষার দাবিতে **১৯৬১** র **১৯**শে মে, সিলেট-বিচ্ছিন্ন অসমের বরাক উপত্যকার বাংলা ভাষাভাষী মানুষ ধর্মঘটে সামিল হন। তাঁদের সঙ্গে ছিলেন আরও অনেকে। রেল অবরোধ করা হয় করিমগঞ্জে। শিলচরে ধর্মঘট শুরু হবার পরই পুলিশ ও সামরিক বাহিনী কোনরকম সতর্কবার্তা ছাড়াই নির্বিচারে আন্দোলনকারীদের ওপর গুলি চালায়। শিলচর স্টেশনে বাংলা ভাষার জন্য শহীদ হলেন কমলা ভট্টাচার্য, শচীন্দ্রমোহন পাল,কানাইলাল নিয়োগী, কুমুদ দাস, তরণী দেবনাথ, হিতেশ বিশ্বাস, চণ্ডীচরণ সূত্রধর সহ মোট এগারো জন। কমলা ভট্টাচার্যই এই উপমহাদেশের প্রথম

মহিলা ভাষা শহীদ। কাছাড়ের ভাষা শহীদদের স্মরণে শ্রদ্ধায় আকাশবাণী সংবাদের একটি প্রতিবেদন।

( ক্যাপসুল- অভিজিত )

**********************

তৃণমূল কংগ্রেস, তাদের দলের দেখানো পথেই চলছে বলে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার দাবি করেছেন। তিনি গতকাল কেষ্টপুর মোড় থেকে হলদিরাম পর্যন্ত দলের তিরঙ্গা যাত্রায় অংশ নেন। অপারেশন সিন্দুরের সাফল্যে ভারতীয় সেনাকে অভিনন্দন জানিয়ে তিরঙ্গা যাত্রার আয়োজন করা হয়েছিল।

সাংবাদিকদের প্রশ্নের উত্তরে সুকান্ত বাবু বলেন, বিজেপির পথ অনুসরণ করে তৃণমূল কংগ্রেস'ও তিরঙ্গা যাত্রাও করছে। তবে এই তিরঙ্গা যাত্রা আন্তরিক হওয়া উচিত। জাতীয় পতাকা হাতে নিয়ে রাজ্যকে 'পশ্চিম বাংলাদেশ' হিসেবে গড়ে তোলার পরিকল্পনা করলে সেই তিরঙ্গা যাত্রা অর্থহীন। শ্রী মজুমদার জানান, ভারতীয় সেনার পরাক্রমকে সবার কাছে তুলে ধরতে রাজ্যের বিভিন্ন প্রান্তে বিজেপির পক্ষ থেকে তিরঙ্গা যাত্রা করা হচ্ছে। বিভিন্ন জেলাতেও গতকাল বিজেপির তিরঙ্গা যাত্রার আয়োজন করা হয়।

**********************

এদিকে, ভারত-পাকিস্তান সম্পর্কে উত্তেজনার প্রেক্ষিতে বীর শহীদদের স্মৃতিতে শ্রদ্ধা জানানোর পাশাপাশি দেশের সার্বভৌমত্ব, অখন্ডতা ও ধর্মনিরপেক্ষতার দাবিতে গতকালের পরে তৃণমূল কংগ্রেসের তরফেও গতকাল রাজ্যের বিভিন্ন জায়গায় মিছিল বের করা হয়। অপারেশন সিঁদুরের মাধ্যমে পাকিস্তানকে পর্যদুস্ত করার জন্যে দলের তরফে ভারতীয় সেনাবাহিনীকে অভিনন্দন ও স্যালুট দেওয়া হয়।

**********************

ভাষা, সংস্কৃতি, উৎসব এরকম নানা বৈচিত্র নিয়েই আমাদের দেশ ভারত। আমরা যে ভারতীয় এই পরিচয়টাই এই মুহূর্তে বেশি করে তুলে ধরা প্রয়োজন- বলেছেন, পরিচালক অভিনেত্রী সুদেষ্ণা রায়।

আকাশবাণীর সামনে তিনি বলেন, যুদ্ধ কখনোই কাম্য নয়, কিন্তু বিচ্ছিন্নতাকামী শক্তি ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে সময় সময় তা অবশ্যম্ভাবী হয়ে ওঠে।

( বাইট- সুদেষ্ণা রায় )

*********************

পূর্ব বর্ধমানের আউশগ্রাম থানার পুলিশ, সোশ্যাল মিডিয়ায় দেশবিরোধী পোস্ট করায় এক রেল কর্মীকে গ্রেপ্তার করেছে। ধৃত ইমারুল শেখ ওরফে স্বপন শেখকে বর্ধমান আদালতে তোলা হলে বিচার বিভাগীয় হেফাজতে পাঠিয়ে আগামীকাল ফের আদালতে তাকে হাজির করার নির্দেশ দেওয়া হয়েছে।

*********************

উত্তর ২৪ পরগণার রহড়া থানা এলাকা থেকে তিন বাংলাদেশীকে পুলিশ গ্রেপ্তার করেছে। ধৃত মেহেদী হাসান ওরফে মিলন, মজনু গাজী এবং মহম্মদ কালাম শেখ আওয়ামী লিগের সঙ্গে যুক্ত বলে জানা গেছে। এদের গতকাল ব্যারাকপুর আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেওয়া হয়।

এদিকে, নদীয়ার ধানতলা এলাকা থেকেও পুলিশ দুই মহিলা সহ তিন বাংলাদেশীকে গ্রেপ্তার করেছে।

*********************

ভিসার মেয়াদ শেষ হয়ে যাওয়ার পরও এদেশে অবৈধভাবে বসবাসের অভিযোগে ইরানের এক নাগরিককে গ্রেপ্তার করেছে বর্ধমান থানার পুলিস। ধৃত নাম মাজিদ মহম্মদ হোসেইনির বাড়ি তেহেরানে। তাঁকে গতকাল বর্ধমান মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেটের এজলাসে তোলা হলে চৌঠা জুন পর্যন্ত জেল হেফাজতে পাঠানো হয়েছে।

*********************

বাংলা ভাষার মর্যাদা রক্ষার দাবিতে ১৯৬১-র ১৯শে মে, সিলেট-বিচ্ছিন্ন অসমের বরাক উপত্যকার বাংলা ভাষাভাষী মানুষ ধর্মঘটে সামিল হন। তাঁদের সঙ্গে ছিলেন আরও

অনেকে। রেল অবরোধ করা হয় করিমগঞ্জে। শিলচরে ধর্মঘট শুরু হবার পরই পুলিশ ও সামরিক বাহিনী কোনরকম সতর্কবার্তা ছাড়াই নির্বিচারে আন্দোলনকারীদের ওপর গুলি চালায়। শিলচর স্টেশনে বাংলা ভাষার জন্য শহীদ হলেন কমলা ভট্টাচার্য, শচীন্দ্রমোহন পাল,কানাইলাল নিয়োগী, কুমুদ দাস, তরণী দেবনাথ, হিতেশ বিশ্বাস, চণ্ডীচরণ সূত্রধর সহ মোট এগারো জন। কমলা ভট্টাচার্যই এই উপমহাদেশের প্রথম মহিলা ভাষা শহীদ। কাছাড়ের ভাষা শহীদদের স্মরণে আকাশবাণী সংবাদের একটি প্রতিবেদন।

( ক্যপসুল- অভিজিত )

**********************

বাতাসে পর্যাপ্ত পরিমাণে জলীয় বাষ্প এবং বঙ্গোপসাগর থেকে সরাসরি দখিণা বাতাস ঢোকায়, রাজ্যের সব জেলায় আজ'ও বৃষ্টির পূর্ভাভাস।

মালদা ও দক্ষিণ দিনাজপুর জেলায় আজ মাঝারি বৃষ্টির 'কমলা সতর্কতা' জারি করা হয়েছে। গোটা সপ্তাহ জুড়েই বিক্ষিপ্তভাবে বৃষ্টি চলবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে। সেই সঙ্গে উপকূলবর্তী এলাকায় দমকা হাওয়া বয়ে যাওয়ার ফলে সমুদ্র উত্তাল হতে পারে। মৎস্যজীবীদের সতর্কতার সঙ্গে নৌকো নিয়ে সাগরে পারি দেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

কলকাতায় আজ সকাল সাড়ে ৬'টা পর্যন্ত বৃষ্টি হয়েছে ১৭ মিলিমিটার। বৃষ্টিতে তাপমাত্রাও কিছুটা কমেছে। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা ২৬দশমিক ৪'ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় সামান্য কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা অবশ্য ছিল স্বাভাবিকের প্রায় চার ডিগ্রি নীচে- ৩১ দশমিক ৯'ডিগ্রি।

**********************

দক্ষিণ চব্বিশ পরগনার সাতগাছিয়ার বিবিরহাটের একটি কাঠেরগোলা ও গুদামে আজ ভোর রাতে বিধ্বংসী আগুন লাগে। দাহ্য পদার্থ থাকায় আগুন আশেপাশের এলাকাতেও দ্রুত ছড়িয়ে পড়ে। ৩ টি গ্যাস সিলিন্ডারে বিস্ফোরণ হয়। হতাহতের অবশ্য এখনো কোনো খবর নেই। তবে প্রচুর ক্ষয়ক্ষতির আশঙ্কা করা হচ্ছে।

বেহালা, ফলতা সহ অন্যান্য কেন্দ্র থেকে দমকলের ৫টি ইঞ্জিন আগুন নেভানোর চেষ্টা চালাচ্ছে।

**********************************************************